মেহেরপুরের ফররুখ আহমেদের ‘লং সার্ভিস ডেকোরেশন’ অর্জন

মেহেরপুর জেলা রোভার স্কাউটের ডিস্ট্রিক্ট রোভার স্কাউট লিডার (ডিআরএসএল) ও মেহেরপুর পৌর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ফররুখ আহমেদ (উডব্যাজার) বাংলাদেশ স্কাউট কর্তৃক জাতীয় পর্যায়ে সম্মানসূচক ‘লং সার্ভিস ডেকোরেশন’ অ্যাওয়ার্ড অর্জন করেছেন।

দীর্ঘদিন স্কাউট আন্দোলনে নিষ্ঠা, ত্যাগ ও অবদানের স্বীকৃতিস্বরূপ তাকে এ সম্মাননা প্রদান করা হয়। এর আগেও ফররুখ আহমেদ বাংলাদেশ স্কাউট কর্তৃক সম্মানসূচক ‘মেডেল অব মেরিট’ লাভ করেন। পাশাপাশি তিনি খুলনা বিভাগের শ্রেষ্ঠ রোভার সম্পাদক হওয়ার গৌরব অর্জন করেছেন।

ফররুখ আহমেদ একজন অ্যাডাল্ট লিডার হিসেবে প্রায় ২৩ বছর ধরে স্কাউট আন্দোলনের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত রয়েছেন। তিনি জেলা রোভার স্কাউটের সম্পাদকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি রোভার স্কাউটের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

তার এই সম্মাননা অর্জনে স্কাউট মেহেরপুর প্রতিদিন তাকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন।

জাতীয় প্রতিভা অন্বেষণে মেহেরপুরের দুই কৃতি সন্তান

বাংলাদেশ স্কাউটস স্পেশাল ইভেন্টস বিভাগ কর্তৃক আয়োজিত জাতীয় প্রতিভা অন্বেষণ পুরষ্কৃত হয়েছেন মেহেরপুরে দুই কৃতি সন্তান ।

মেহেরপুর সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের মোঃ বাদশা খান বাংলা ভাষায় উপস্থাপনা বিভাগে জাতীয় পর্যায়ে দ্বিতীয় স্থান অর্জন করে এবং মোঃ অনিক হাসান যন্ত্রসংগীত বিভাগে জাতীয় পর্যায়ে

দ্বিতীয় স্থান অর্জন করেছে।

গতকাল মঙ্গলবার (১৬ তারিখে) ঢাকা আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে এ পুরস্কার বিতরণ করা হয়।

বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার ও দুর্নীতি দমন কমিশনের কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া এসময় তিনি বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।